# WIDA Alternate Screener কী?

WIDA Alternate Screener হলো একটি কাগজ-কলমের পরীক্ষা যা শিক্ষকদের শনাক্ত করতে সাহায্য করে যে, কিন্ডারগার্টেন থেকে দ্বাদশ শ্রেণির (K-12) যেসব শিক্ষার্থীর অত্যন্ত গুরুতর বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধকতা (significant cognitive disabilities) রয়েছে, তারা ইংরেজি শিক্ষার্থী কি না। একজন ইংরেজি শিক্ষার্থী হলো এমন একজন ছাত্র বা ছাত্রী যাকে আনুষ্ঠানিকভাবে চিহ্নিত করা হয়েছে যে, ইংরেজিতে পাঠ্যক্রম বা পড়াশোনায় সফলভাবে অংশ নেওয়ার জন্য তার ভাষাগত সহায়তা প্রয়োজন।

## আমার সন্তান কেন WIDA Alternate Screener দিচ্ছে?

আপনি একটি সমীক্ষায় অংশ নিয়েছিলেন এবং বাড়িতে আপনারা কোন ভাষা ব্যবহার করেন সে সম্পর্কিত প্রশ্নের উত্তর দিয়েছিলেন। আপনার উত্তরের ওপর ভিত্তি করে, আপনার সন্তানের শিক্ষকদের মনে হয়েছে যে আপনার সন্তান হয়তো একজন ইংরেজি শিক্ষার্থী। আপনার সন্তান একজন ইংরেজি শিক্ষার্থী কি না তা নিশ্চিত করতে সে WIDA Alternate Screener পরীক্ষাটি দেবে।

## WIDA Alternate Screener-এর ফলাফল কীভাবে ব্যবহৃত হয়?

আপনার সন্তান একজন ইংরেজি শিক্ষার্থী কি না, তা সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য আপনার সন্তানের শিক্ষকরা WIDA Alternate Screener পরীক্ষার ফলাফল ব্যবহার করেন।

## WIDA Alternate Screener পরীক্ষাটি কতক্ষণ চলে?

পরীক্ষাটি শেষ করতে ৩০ মিনিটের কম সময় লাগার কথা, যদিও শিক্ষার্থীদের ব্যক্তিগত প্রয়োজনের ওপর ভিত্তি করে পরীক্ষার সময় ভিন্ন হতে পারে। চারটি ভাষা ক্ষেত্র (শোনা, পড়া, বলা, লেখা) জুড়ে মোট নয়টি প্রশ্ন থাকে।



WIDA
UNIVERSITY OF WISCONSIN–MADISON

WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin–Madison.
© 2025 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

## WIDA Alternate Screener-এর জন্য প্রস্তুতি

- আপনার সন্তানের শিক্ষকরা আপনাকে বাড়িতে আপনার সন্তানের যোগাযোগের পছন্দের পদ্ধতি এবং ভাষা সম্পকের্ পর্শ্ন জিজ্ঞাসা করতে পারেন।
- WIDA Alternate Screener-এর জন্য আপনার সন্তানের পড়াশোনা করার প্রয়োজন নেই।
- পরীক্ষার ফলাফল কখন পাবেন এবং আপনার সন্তানের স্কু কীভাবে সেই ফলাফল ব্যবহার করবে, সে বিষয়ে আপনার সন্‌তানের শিক্‌ষকদের সাথে কথা বলুন।

## যদি আপনার সন্তান একজন ইংরেজি শিক্ষার্থী হয়, তাহলে এখানে কিছু প্রশ্ন দেওয়া হলো যা আপনি তাদের শিক্ষকদের করতে পারেন



- আমার সন্তান একই সাথে ভাষা পরিষেবা এবং বিশেষ শিক্ষা (special education) পরিষেবা পেলে বিষয়টি কেমন হবে?

- আপনারা স্কুলে শিশুদের ভাষা এবং সংস্কৃতিকে কীভাবে অন্তর্ভুক্ত করেন?

- আমার পরিবার বাড়িতে আমাদের সন্তানের ভাষার বিকাশে কীভাবে সহায়তা করতে পারে?

- আমার সন্তান কখন ইংরেজি ভাষা সহায়তা পাওয়া বন্ধ করবে?

WIDA™
UNIVERSITY OF WISCONSIN–MADISON
WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin–Madison.
© 2025 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA